
# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত আইসিটি বিষয়ক অনলাইন কোর্স

## রিডিং ম্যাটেরিয়াল

## ৭.১ ইন্টারনেট, ইন্ট্রানেট, এক্সট্রানেট: সংজ্ঞা, পার্থক্য, ব্যবহারক্ষেত্র; আইপি অ্যাড্রেস

### ইন্টারনেট (Internet)

- এটি হলো বিশ্বব্যাপী কম্পিউটার নেটওয়ার্কের জাল।
- উদাহরণ: তুষার নামে এক শিক্ষার্থী বিশ্বের যে কোনো জায়গার তথ্য পেতে গুগলে সার্চ করে।
- ব্যাখ্যা: এখানে তুষার স্কুলের কম্পিউটার থেকে গুগলের সার্ভার পর্যন্ত পৌঁছাচ্ছে। এটি হলো ইন্টারনেট—সারা বিশ্বের তথ্যের জন্য খুলে থাকা নেটওয়ার্ক।





### ইন্ট্রানেট (Intranet)

- এটি হলো একটি সীমিত নেটওয়ার্ক যা কেবল প্রতিষ্ঠান বা স্কুলের ভেতরে ব্যবহার করা হয়।
- উদাহরণ: স্কুলের শিক্ষকরা তাদের অনলাইন অ্যাটেন্ডেন্স সিস্টেম দেখতে স্কুলের সার্ভারে লগইন করছে।


© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

• ব্যাখ্যা: এই তথ্য শুধুমাত্র স্কুলের ভেতরের লোকেরা দেখতে পারে। বাইরে কেউ অ্যাক্সেস করতে পারবে না।




## এক্সট্রানেট (Extranet)

- এটি হলো একটি নেটওয়ার্ক যা ইন্ট্রানেটের মতো সীমিত কিন্তু নির্দিষ্ট বাইরের মানুষদের জন্য অ্যাক্সেস দেওয়া হয়।
- উদাহরণ: স্কুলের ছাত্রছাত্রীদের অভিভাবকরা অনলাইনে তাদের সন্তানের অ্যাটেন্ডেন্স ও মার্কস দেখতে পারছে।
- ব্যাখ্যা: এখানে স্কুলের সার্ভার বাইরে থাকা অভিভাবকদের জন্য কিছু অংশ উন্মুক্ত করা হয়েছে,কিন্তু পুরো নেটওয়ার্ক নয়।




## Browser

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

ইন্টারনেট, ইনট্রানেট বা এক্সট্রানেট — সবকিছুর অ্যাক্সেস করার দরজা হলো **ব্রাউজার**। তার মানে ব্রাউজার হলো এমন একটি সফটওয়্যার, যেটা দিয়ে আমরা ওয়েবসাইট ব্রাউজ করি।

যেমন-

- Google Chrome
- Mozilla Firefox
- Microsoft Edge
- Safari

## URL

প্রতিটি ওয়েবসাইটের একটি নির্দিষ্ট ঠিকানা থাকে, যাকে বলে **URL**। এর পূর্ণরূপ **Uniform Resource Locator**।

যেমন, https://www.google.com

URL দিয়ে আমরা বুঝিতে পারি, আমাদের আসলে কোন ওয়েবপেজে যেতে হবে— এটা ঠিক ইন্টারনেটের রাস্তার নামের মতো।

## Internet, Intranet ও extranet পার্থক্য

At a glance আমরা যদি Internet, Intranet ও Extranet এর মধ্যে বেসিক পার্থক্য দেখি তাহলে সেটি এমন দেখাবে-

| বিষয় | Internet | Intranet | Extranet |
|---|---|---|---|
| **অ্যাক্সেস** | সবার জন্য | শুধুমাত্র অভ্যন্তরীণ | নির্দিষ্ট বাইরের ইউজার |
| **নিরাপত্তা** | কম | বেশি | মাঝামাঝি |
| **উদাহরণ** | Google | অফিস পোর্টাল | ডিলার লগইন |

## IP Address

প্রথমে আসি **IP Address** এ। **IP Address** মানে **Internet Protocol Address**। এটি হলো প্রতিটি ডিভাইসের জন্য দেওয়া একটি ইউনিক নম্বর, যার মাধ্যমে ইন্টারনেটে সেই ডিভাইসকে চেনা যায়।

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

যেমন- আমরা কারো বাড়ির ঠিকানা দিয়ে সেই ব্যক্তিতে চিনি, তেমনি ইন্টারনেট কোনো কম্পিউটার বা মোবাইলকে চেনে তার IP Address দিয়ে।

**একটি IP Address সাধারণত দুই ধরনের—IPv4 আর IPv6।**

**IPv4** হচ্ছে পুরোনো এবং সবচেয়ে প্রচলিত ভার্সন।
এটি চারটি সংখ্যা দিয়ে গঠিত, যেমন: **192.168.0.1**।
প্রতিটি সংখ্যা ০ থেকে ২৫৫ এর মধ্যে থাকে।
কিন্তু ইন্টারনেটে এখন ডিভাইসের সংখ্যা এত বেড়েছে যে IPv4 ঠিকানা প্রায় শেষ হয়ে গেছে।
তাই এসেছে **IPv6**, যা অনেক বেশি অ্যাড্রেস দিতে পারে।
IPv6 হলো ১২৮-বিটের একটি নতুন সিস্টেম, যেখানে অক্ষর ও সংখ্যা মিলে অ্যাড্রেস তৈরি হয়।
যেমন: **2001:0db8:85a3::8a2e:0370:7334**
এটি দেখতে জটিল হলেও ভবিষ্যতের ইন্টারনেটের জন্য একে অপরিহার্য করে তুলেছে।

নিচে IPv4 এবং IPv6 এর পার্থক্য টেবিলের মাধ্যমে তুলে ধরা হল

| বৈশিষ্ট্য | IPv4 | IPv6 |
|---|---|---|
| **ঠিকানা দৈর্ঘ্য** | 32-বিট (প্রায় 4.3 বিলিয়ন ঠিকানা) | 128-বিট (প্রায় 340 ট্রিলিয়ন ট্রিলিয়ন ঠিকানা) |
| **লেখার পদ্ধতি** | ডেসিমেল (যেমন: 192.168.0.1) | হেক্সাডেসিমেল (যেমন: 2001:0db8:85a3:0000:0000:8a2e:0370:7334) |
| **নিরাপত্তা** | অন্তর্নির্মিত নিরাপত্তার অভাব | IPsec এর মাধ্যমে নিরাপত্তা অন্তর্ভুক্ত |
| **নেটওয়ার্ক কনফিগারেশন** | DHCP (Dynamic Host Configuration Protocol) ব্যবহার করে | Stateless Address Autoconfiguration (SLAAC) সমর্থন করে |
| **অ্যাড্রেস স্পেস** | সীমিত ঠিকানা স্থান | বিস্তৃত ঠিকানা স্থান |
| **মাল্টিকাস্টিং** | সীমিত সমর্থন | উন্নত মাল্টিকাস্ট সমর্থন |
| **প্রোটোকল সংস্করণ** | IPv4 এ IPv4 Packet Header | IPv6 এ IPv6 Packet Header |
| **প্রযুক্তিগত উন্নয়ন** | পুরানো প্রযুক্তি, সহজবোধ্য | আধুনিক প্রযুক্তি, উন্নত কার্যকারিতা |


© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## IP address চেক করাঃ

স্টেপ ১: Command Prompt ওপেন করুন

1. **Windows Key + R** চাপুন।

2. Run বক্সে লিখুন: “cmd”





*Enter চাপুন। এখন Command Prompt খুলবে।*

## স্টেপ ২: আইপি অ্যাড্রেস দেখা

1. Command Prompt-এ টাইপ করুন: “ipconfig”

2. Enter চাপুন।




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## স্টেপ ৩: রেজাল্ট ব্যাখ্যা

- **IPv4 Address:** তোমার কম্পিউটারের বর্তমান আইপি।


উদাহরণ: 192.168.1.10

- **Subnet Mask:** নেটওয়ার্ক সেগমেন্ট নির্দেশ করে।

উদাহরণ: 255.255.255.0

- **Default Gateway:** রাউটারের আইপি, যা ইন্টারনেটের সাথে সংযোগ দেয়।

উদাহরণ: 192.168.1.1





## MAC Address চেক করাঃ

**স্টেপ ১:** Command Prompt ওপেন করুন

1. **Windows Key + R** চাপুন।
2. Run বক্সে লিখুন: “cmd”

*Enter চাপুন। এখন Command Prompt খুলবে।*

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত





## স্টেপ ২: MAC অ্যাড্রেস দেখা:

১. Command Prompt-এ টাইপ করুন:

“ipconfig/all”

২. Enter চাপুন।




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## এই পাঠে যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে:

- Internet, Intranet ও Extranet এর ধারণা
- Internet, Intranet ও Extranet এর মধ্যে পার্থক্য
- Browser ও URL এর ধারণা
- IP Address এর ধারণা
- IP Address ও MAC Address চেক করা

## এছাড়াও নিচের বিষয়গুলো সম্পর্কে বিশদভাবে জানতে ভিজিট করুন:

1. Internet, Extranet or Intranet

https://www.youtube.com/watch?v=YMP5-Zynuw4

2. MAC Address

https://www.youtube.com/watch?v=8beYtH91coM

3. IP Address

https://www.youtube.com/watch?v=bEavwdLp2xs

**(এই প্রকাশনার কোনো অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত পুনর্মুদ্রণ, সংরক্ষণ, অনুলিপি, বিতরণ বা কোনো মাধ্যমে প্রকাশ করা যাবে না।)**

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত